

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়  
তালা, সাতক্ষীরা।

[fisheries.tala.satkhira.gov.bd](http://fisheries.tala.satkhira.gov.bd)

স্মারক নং: ৩৩.০২.৮৭৯০.৫০১.১৯.০০৩.২৪.১২২

তারিখঃ ৩১/০৭/২০২৫ খ্রি.

**বিষয়ঃ লাইসেন্সবিহীন মৎস্যখাদ্য বিক্রেতাদের (খুচরা) জন্য সতর্কীকরণ নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তালা উপজেলার সকল লাইসেন্সবিহীন খুচরা মৎস্যখাদ্য বিক্রয়কারীদের জানানো যাচ্ছে যে, **মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ ও মৎস্যখাদ্য বিধিমালা ২০২৪ এবং মৎস্যখাদ্য ও পশুখাদ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২০** অনুযায়ী মৎস্য অধিদপ্তর থেকে লাইসেন্স গ্রহন ব্যতীত মৎস্য খাদ্য বা মৎস্য খাদ্য উপকরণ বিক্রয় করা আইনত দণ্ডনীয় অপরাধ। লাইসেন্স বিহীন কোন দোকান/প্রতিষ্ঠানে মৎস্যখাদ্য বা মৎস্যখাদ্য উপকরণ বিক্রয় করা হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। মৎস্যখাদ্য বিক্রয় করতে হলে নিম্নোক্ত বিধিসমূহ পালন করতে হবে।

১. নির্দিষ্ট পরিমাণ ফি প্রদান করে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে লাইসেন্স গ্রহন করতে হবে।
২. লাইসেন্সধারী উৎপাদনকারী/আমদানিকারীদের নিকট থেকে বিক্রয়ের জন্য মৎস্যখাদ্য ক্রয় করতে হবে।
৩. সংরক্ষণ ও বিক্রয়ের জন্য নির্দিষ্ট দোকানঘর/স্থাপনা থাকতে হবে এবং দুষণমুক্তভাবে মৎস্যখাদ্য সংরক্ষণ করতে হবে।
৪. সংগৃহীত মৎস্যখাদ্য মেয়ে হইতে ন্যূনতম ৭ সে.মি. (২.৭৫ ইঞ্চি) উপরে এবং দেয়াল হতে দূরে রেখে গুদামজাত করতে হবে এবং লক্ষ রাখতে হবে কোনভাবেই মেঝে বা দেয়াল স্যাঁতস্যাঁতে না হয়ে বা থাকে।
৫. কীটনাশক বা সার বা রাসায়নিক কোন দ্রব্যের সহিত একই স্থানে ফিড রাখা যাবে না।
৬. ক্রয় ও বিক্রয় সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং অধিদপ্তর হতে পরিদর্শনকাকালে মজুদ-বিবরণী এবং রেকর্ডপত্র দিয়ে পরিদর্শনকারী কর্মকর্তাদের সহযোগিতা করতে হবে।
৭. মেয়াদোত্তীর্ণ ফিড দোকানে মজুদ বা বিক্রয়ের জন্য প্রদর্শন করা বা বিক্রয় করা যাবে না।
৮. প্রতিটি ফিড 'আগে আগমন, আগে ব্যবহার' পদ্ধতিতে বিপণন করতে হবে।
৯. ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদি ব্যবহৃত হয়েছে এমন মৎস্যখাদ্য বিক্রয় করা যাবে না।
১০. লাইসেন্সের মেয়াদ শেষ হবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্ধারিত ফি-সহ লাইসেন্স নবায়নের জন্য আবেদন করতে হবে।

বিধিসমূহ প্রতিপালনে ব্যর্থ হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে

মেসার্স-----

প্রোগঃ-----

তালা, সাতক্ষীরা।

(মো: তারিক ইমাম)

আইডি নং-০০৮৫৫

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার (নি.বে.)

তালা, সাতক্ষীরা।